রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-০৮-আইন/২০১৯/৮২২-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, কেবল Mobile Number Portability (MNP) সেবা গ্রহণের ক্ষেত্রে, বর্তমান অপারেটরের সিমকার্ডের পরিবর্তে নূতন অপারেটরের সিমকার্ড গ্রহণের ক্ষেত্রে, প্রতিটি সিমকার্ডের বিপরীতে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

**<u>শর্তাবলি</u>**

(ক) মোবাইল অপারেটরগণ কর্তৃক প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে পূর্ববর্তী মাসে সিমকার্ডের সর্বমোট স্থিতি, MNP সেবার বিপরীতে উহাদের নেটওয়ার্কে কি পরিমাণ গ্রাহক ported in এবং ported out হইয়াছে তাহার সংখ্যা ও অব্যাহতিপ্রাপ্ত শুল্ক-করের পরিমাণ, অন্যান্য কারণে সিমকার্ড পরিবর্তন সংক্রান্ত তথ্য ও তৎবাবদ আদায়কৃত শুল্ক-করের পরিমাণ সংশ্লিষ্ট মূসক কমিশনারেট এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এ বাধ্যতামূলকভাবে প্রেরণ করিতে হইবে ; এবং



মূল্য ঃ টাকা ৪.০০

(খ) MNP সার্ভিস প্রক্রিয়াকরণ সংস্থা কর্তৃক অনুরূপভাবে সকল মোবাইল অপারেটরের MNP সেবা প্রদানের বিপরীতে ported in এবং ported out গ্রাহকের নাম, মোবাইল নম্বর, বর্তমান অপারেটর ও পরিবর্তিত অপারেটরসহ আনুষঙ্গিক তথ্য সংশ্লিষ্ট মূসক কমিশনারেট এবং বিটিআরসি'তে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে পূর্ববর্তী মাসের তথ্য প্রেরণ করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা অনুসন্ধানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, যে কোনো সময়, প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং অনুসন্ধানের প্রেক্ষিতে উক্তরূপ কোন শর্ত ভঙ্গ করা হইয়াছে মর্মে প্রমাণিত হইলে উক্ত বোর্ড, তাৎক্ষণিকভাবে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা বাতিল করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd